46

দৈনিক সংবাদ

তারিখ 03-DEC-1998 ... ...
পৃষ্ঠা ৮ কলাম ৭......

# প্রশ্নপত্র ফাঁস ঃ ৩ জন আটক পটুয়াখালীতে

পটুয়াখালী, ২ ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– মাধ্যমিক স্কুলের চূড়ান্ত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে ২ জন স্কুলছাত্র ও ১ জন সরবরাহকারীসহ ৩ জনকে আটক করে পুলিশে সোপর্দ করা হয়েছে। কোর্ট আজ তাদেরকে জেল হাজতে পাঠিয়ে দিয়েছে।

পুলিশ জানায়, গত ২৬শে নভেম্বর থেকে সদর থানার ৬৯টি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক সমিতির সরবরাহ করা অভিন্ন প্রশ্নপত্রে ৫টি শ্রেণীর পরীক্ষা শুরু হয়। পরীক্ষা শুরুর দিন থেকেই প্রশ্নপত্র ফাঁসের খবর শহরে ছড়িয়ে পড়ে। এ খবরের ভিত্তিতে জেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আঃ রব মিয়া এবং সদর থানা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও আঃ হাই বিদ্যানিকেতনের সহকারী শিক্ষক কাজী আলমগীর গতকাল রাত ১২টার দিকে সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রাবাস থেকে সদরথানা ডোনাভান হাইস্কুলের নবম শ্রেণীর ছাত্র মোঃ মিরাজ হাওলাদার (১৪), আবুল কালাম আযাদ (১৫) ও সরবরাহকারী মোঃ রনি ওরফে শাহীনকে (১৭) অষ্টম ও নবম শ্রেণীর ইংরেজি, ইতিহাস, ভূগোল ও কৃষি শিক্ষা এ ৪টি বিষয়ের প্রশ্নপত্রসহ হাতেনাতে ধরে পুলিশে সোপর্দ করে। আজ ইংরেজি ২য় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।